দৈনিক জনকণ্ঠ

18 FEB 2003
পৃষ্ঠা ৬ কলাম ৫

# নারী শিক্ষার অগ্রগতিতে পাঁচ লাখ টাকার ট্রাস্ট ফান্ড গঠন

প্রফেসর কবীর চৌধুরীর স্ত্রী মেহের কবীর নারী শিক্ষার অগ্রসরের মহান আদর্শকে সামনে রেখে আঞ্জুমান মুফিদুল ইসলামে ৫ লাখ টাকার একটি ট্রাস্ট ফান্ড খোলেন। সম্প্রতি সংস্থার প্রেসিডেন্ট সাবেক আইজিপি, এবিএমজি কিবরিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত ট্রাস্টি বোর্ডের সভায় আনুষ্ঠানিকভাবে এ ব্যাপারে সিদ্ধান্ত নেয়া হয়। মেহের কবীর মেধাবী অথচ অসচ্ছল পরিবারের মেয়েদের স্কলারশিপের মাধ্যমে এ অর্থ ব্যয় করার ইচ্ছা ব্যক্ত করেন। ১৫ ফেব্রুয়ারি প্রফেসর কবীর চৌধুরীর স্ত্রী মেহের কবীরের ইচ্ছানুসারে স্থানীয়/ লোকাল ব্যাংকে এ ট্রাস্ট ফান্ড খোলা হয়। দাতার অভিপ্রায়ে উক্ত ফান্ড ম্যানেজমেন্ট উপকমিটিতে তাঁর একজন মনোনীত প্রতিনিধি থাকবে। তিনি তাঁর কন্যা এবং জামাতার উপস্থিতিতে ঐদিন ট্রাস্ট দলিল সম্পাদন করেন। উল্লেখ্য যে, প্রতিবছর সঞ্চিত মুনাফার ২০% মূল তহবিলে এবং অবশিষ্ট ৮০% মুনাফার অর্থ স্কলারশিপের মাধ্যমে আঞ্জুমান পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে নারী শিক্ষার অগ্রগতিতে ব্যয় করা হবে। আঞ্জুমান কর্তৃপক্ষ প্রফেসর কবীর চৌধুরী ও তাঁর স্ত্রীকে আঞ্জুমান মুফিদুল ইসলামে অবহেলিত জনপদের নারী শিক্ষার অগ্রগতির জন্য আঞ্জুমানে ট্রাস্ট খোলায় ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করে।

আরও উল্লেখ্য যে, আঞ্জুমান মুফিদুল ইসলামে বর্তমানে (১) আঞ্জুমান মাকসুদা ফিরোজ ট্রাস্ট ফান্ড (২) আয়েশা নূরুল আমীন মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড (৩) আঞ্জুমান ট্রাস্ট ফান্ড আছে। দাতার ইচ্ছানুসারে এসব ট্রাস্ট ফান্ড আঞ্জুমান কর্তৃপক্ষ পরিচালনা করে থাকে। —বিজ্ঞপ্তি।